গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২-১২১

তারিখ: ৩০ মাঘ ১৪৩০
১৩ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে গঠিত কমিটিসমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে গঠিত কমিটিসমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা গত ৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ড. মহঃ শের আলী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উল্লিখিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

১৩/০২/২৪

(পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে গঠিত কমিটিসমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মহঃ শের আলী
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ

সভার তারিখ : ৮/০২/২০২৪ খ্রি.

সময় : সকাল ১০:৩০ টা

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সরকার প্রতিবছর ২৫ ফেব্রুয়ারি 'জাতীয় স্থানীয় সরকার দিবস' হিসেবে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। দ্বিতীয় বারের মতো এ দিবসটি উদ্‌যাপিত হতে যাচ্ছে। গত ২৫ ফেব্রুয়ারি অতিক্রান্ত হওয়ায় প্রথমবারের মতো ১৪ সেপ্টেম্বর দিবসটি উদযাপিত হয়। এ বছর আগামী ২৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য 'জাতীয় স্থানীয় সরকার দিবস'-এ মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে মৌখিকভাবে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তিনি এ দিবস উদ্‌যাপনের উদ্দেশ্যে হিসেবে বলেন যে, ১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমুহের গণতান্ত্রিক চর্চা অব্যাহত রাখা, ২) এ প্রতিষ্ঠানগুলোকে অধিকতর জনমুখী হিসেবে গড়ে তোলা, ৩) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমুহের সাথে তৃণমূল পর্যায়ের জনসাধারণের সম্পৃক্ততা আরো বৃদ্ধি করা, এবং ৪) গুরুত্ব, সক্ষমতা, জবাবদিহিতা, সর্বোপরি কর্মতৎপরতা অধিকতর দৃশ্যমান হওয়া। সভাপতি Presentation এর মাধ্যমে গঠিত কমিটি এবং কমিটির কার্যাবলি উপস্থাপন করেন। উপস্থাপনের পর সভাপতি উন্মুক্ত আলোচনার আহবান জানান।

২। স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোহাম্মদ তানভীর আজম সিদ্দিকী এবং ভেন্যু প্রস্তুত, অনুষ্ঠানসূচি প্রণয়ন, অনুষ্ঠান ব্যবস্থাপনা ও মহড়া অনুষ্ঠান ও চূড়ান্ত অনুষ্ঠান পরিচালনা সংক্রান্ত কমিটি, অতিথিবৃন্দের তালিকা প্রস্তুত, আমন্ত্রণপত্র ছাপানো ও বিতরণ সংক্রান্ত কমিটির সদস্য সভাকে অবহিত করেন যে, প্রাথমিক প্রস্তুতির কাজ ইতোমধ্যে আরম্ভ করা হয়েছে। অনুষ্ঠানের ভেন্যু হিসেবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) প্রস্তুত রাখার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আমন্ত্রিত অতিথিবৃন্দের খসড়া তালিকা প্রণয়নের কাজ চলমান। ভেন্যু প্রস্তুতসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে।

৩। সভায় উপস্থিত ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (পানি সরবরাহ অনুবিভাগ) উল্লেখ করেন যে, ২০২৩ সালে গণভবনে অনুষ্ঠিত অনুষ্ঠানের আয়োজনে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ অত্যন্ত আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেছেন। ফলে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়েছিল। এবারও পূর্বের অভিজ্ঞতার আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ যথাযথ আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করবেন। ড. মোঃ আমিনুর রহমান, অতিরিক্ত সচির (উন্নয়ন অনুবিভাগ) বলেন যে, সার্বিক কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সবাই মিলিত হয়ে যার যার কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করবেন।

জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) উল্লেখ করেন যে, গঠিত কমিটিকে নিয়মিত সভায় মিলিত হয়ে বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। সার্বিক প্রস্তুতির ক্ষেত্রে কোন শৈথিল্য প্রদর্শনের সুযোগ নেই। জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী, যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) উল্লেখ করেন যে, আসন সংখ্যা বিবেচনাপূর্বক অতিথি আমন্ত্রণ এবং স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণকেও আমন্ত্রণ জানানোর প্রয়োজন হবে। স্ব স্ব কমিটিসমূহ অবিলম্বে সভা করে নিজ নিজ কর্মপরিকল্পনা প্রণয়ণ করবেন। উপস্থিত কর্মকর্তাদের মধ্যে যুগ্মসচিব জনাব মোহাম্মদ ফজলে আজিমসহ অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৪। সভাপতি উল্লেখ করেন যে, যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভির্যের সাথে উৎসবমুখর পরিবেশে দ্বিতীয় বারের মতো 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট কমিটিসহ স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তাগণ নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন মর্মে তিনি আশা করেন। তিনি আরও উল্লেখ করেন যে, সংশ্লিষ্ট কমিটি অবিলম্বে সভা আহবান করে নিজ নিজ পরিকল্পনা প্রণয়ন করবে।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সংশ্লিষ্ট কমিটিসমূহ অবিলম্বে সভা আহবান করে অর্পিত দায়িত্ব পালনের কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।

২) কোন কর্মকর্তা কমিটি বহির্ভূত থাকলেও দিবসের কর্মসূচি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/২/২৪

ড. মহঃ শের আলী
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ